

পশ্চিমবঙ্গ সরকার
বস্ত্র অধিকরন (রেশমশিল্প বিভাগ)
উপঅধিকর্তা করণ বস্ত্র (রেশমশিল্প বিভাগ)
কোচবিহার

দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি (২০১৭-১৮)

এতদ্বারা প্রকৃত প্রস্তুতকারী বা অভিজ্ঞ ও বিশুদ্ধ সরবরাহকারী / ঠিকাদারদের নিকট হইতে সাধারণ কাগজে ও মুখবন্ধ করা খামে জেলার রেশম শিল্প বিভাগের বিভিন্ন পরিষেবা কেন্দ্রে / সরকারী খামারে পলুপালনের জন্য নাইলন নেট ও চাকি পলুপালন নেট সরবরাহ করার জন্য দরপত্র আহ্বান করা হইতেছে। নিম্নে উল্লিখিত নির্দেশানুযায়ী মালগুলি সরবরাহ হইবে। নিম্নবর্ণিত সকল সরবরাহ স্থল অবধি পৌঁছানোর সব খরচ সমেত প্রতি মালের একক প্রতি দর উল্লেখ করিতে হইবে। অন্য কোনো খরচাদি গ্রাহ্য হইবে না। দরপত্রের সহিত প্যান কার্ডের, বৈধ আয়কর পত্রের, যুক্তমূল্য করের নিকাশপত্র (সাম্প্রতিক কালের) প্রত্যায়িত প্রতিলিপি জমা দিতে হইবে। প্রয়োজনে আসল নথিপত্র অবশ্যই দেখাইতে হইবে। সেই সঙ্গে ১০,০০০ টাকার ব্যাঙ্ক ড্রাফট 'ডেপুটি ডাইরেক্টর, টেক্সটাইলস (সেরিকালচার), কোচবিহার' নামে অবশ্যই বায়না হিসাবে জমা দিতে হইবে। কার্যসাধনের আদেশ ও নির্দেশানুযায়ী কর্ম সম্পাদন না হইলে বায়না জমা বাজেয়াপ্ত হইবে। এ বিষয়ে কোনোরূপ সূচনা সরবরাহকারীকে না দেওয়াও হইতে পারে। নাইলন নেট ও চাকি পলুপালন নেট ননপ্ল্যান / প্ল্যান হেড / সি.ডি.পি./আর.কে.ভি.ওয়াই স্কীমের অন্তর্গত ২০.১৭-১৮ (ইং) সনে সরবরাহের জন্য দরপত্র এই কথা লেখা তৎসহ বিজ্ঞপ্তির পত্রাক্র ও পত্রতারিখ উল্লেখ করে দরপত্রের খাম নিম্নে স্বাক্ষরকারীর দফতরে ১১-০৮-২০১৭ তারিখ বেলা ৩-০০টার মধ্যে রেজিস্টার্ড / স্পীডপোস্ট ডাক বা কুরিয়ার ডাক মারফৎ অবশ্যই পৌঁছাতে হইবে। ঐ দিনেই ইচ্ছুক এবং উপস্থিত দরদাতাদের সামনে বেলা ৪-০০টার সময় দরপত্রগুলি খোলা হইবে। নাইলন নেট ও চাকি পলুপালন নেটের নমুনা অবশ্যই দরপত্র প্রদানের পূর্বে সেরিকালচার কম্পোজিট ইউনিট, খাগড়াবাড়ী, কোচবিহারে জমা দিতে হইবে। নমুনা জমা দেওয়ার প্রমাণ পত্র অবশ্যই দরপত্রের সহিত থাকা চাই। ইহা ব্যতীত দরপত্র গ্রাহ্য হইবে না। সফল দাতাদের কার্য সম্পাদনের আদেশ পত্র জারীর দিন হইতে ৩০ দিনের মধ্যে মালপত্রের সরবরাহ সম্পন্ন করিতে হইবে। অন্যথায় নিয়মানুগ ব্যবস্থা নেওয়া হইবে। প্রয়োজনে আদেশনুসারে মালের পরিমাণ কম বা বেশী চাওয়া হইতে পারে। কোনো আংশিক সরবরাহ গ্রাহ্য হইবে না। কার্য সম্পাদনের আদেশ তহবিল প্রাপ্যতার উপরমাত্র নির্ভর করে। নিম্ন স্বাক্ষরকারী ক্রয় কমিটির সিদ্ধান্তনুসারে যে কোনো দরপত্র বতিল করার এবং বাতিল করার কারণ নাও জানানোর অধিকার রাখে। সর্বনিম্ন দরপত্র গ্রহন বাধ্যতামূলক নহে। নিম্নে মালগুলির নির্দেশ সহ বিবরণ দেওয়া হইল :

- ১। নাইলন নেট : সাইজ ৬ ফু./৪ ফু. এবং ১ইঞ্চি ফাঁক বিশিষ্ট। সংখ্যা : ৪০০ (আনুমানিক)।
- ২। চাকি পলুপালন নেট : সাইজ ৩ ফু./২ ফু. সুতির (গুড়া পলু পালনের জন্য)। সংখ্যা : ১৫০ (আনুমানিক)।

Mirza
20/07/17
উপঅধিকর্তা, বস্ত্র (রেশমশিল্প বিভাগ)
কোচবিহার

ক্রমিক সংখ্যা ৩৬৫/ই - ১৭

তারিখ ২০/০৭/১৭ (ইং)

প্রতিলিপি জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের নিমিত্তে প্রেরিত হইল :-

- ১) সভাপতি, কোচবিহার জিলা পরিষদ।
- ২) জেলাশাসক, কোচবিহার।
- ৩) মহাধ্যক্ষ, বস্ত্র এবং রেশমশিল্প, পশ্চিমবঙ্গ সরকার, কোলকাতা - ৭০০০১৩।
- ৪) যুগ্ম অধিকর্তা, বস্ত্র (রেশমশিল্প বিভাগ), উত্তরান্ধল, শিলিগুড়ী।
- ৫) উপঅধিকর্তা, বস্ত্র (রেশমশিল্প বিভাগ), মালদা/ জলপাইগুড়ি।
- ৬) সায়েন্টিস্ট - ডি, আর. ইসি.সেন্ট্রাল সিল্ক বোর্ড, খাগড়াবাড়ী, কোচবিহার।
- ৭) মহাকুমাশাসক, কোচবিহার।
- ৮) জেলা আধিকারিক, তথ্য ও সংস্কৃতি বিভাগ, কোচবিহার।
- ৯) ডাককর্তা, প্রধান ডাকঘর, কোচবিহার।
- ১০) শ্রী / শ্রীমতী

ক্রয় কমিটির সদস্য, দরপত্র খুলিবার নির্দিষ্ট সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হইতেছে।

- ১১) জেলা পরিদর্শক/ সম্প্রসারণ আধিকারিক, - সেরিকালচার কম্পোজিট ইউনিট, খাগড়াবাড়ী / বড় নাচিনা সেরিকালচার ডেমন: ফার্ম, দিনহাটা/ সহ পরিদর্শক, রেশম শিল্প পরিষেবা কেন্দ্র, দিনহাটা (ঘুঘুমারী) / সেরিকালচার ডেমন: ফার্ম, বস্টীগঞ্জ / রেশম শিল্প পরিষেবা কেন্দ্র, মাথাভাঙ্গা / রেশম শিল্প পরিষেবা কেন্দ্র, তুফানগঞ্জ।
- ১২) রক্ষানথি / বিজ্ঞপ্তি ফলক।

Mirza
20/07
উপঅধিকর্তা, বস্ত্র (রেশমশিল্প বিভাগ)
কোচবিহার

০/৫